কালের কণ্ঠ
তারিখ ... 6 AUG 2017 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৪ ...

ব্র্যাক বিশ্ববিদ্যালয়

# চাকরি ফিরে পাচ্ছেন শিক্ষক ফারহান

## লম্বা ছুটিতে রেজিস্ট্রার পদত্যাগ দুই কর্মকর্তার

নিজস্ব প্রতিবেদক ▷

আইন বিভাগের শিক্ষক ফারহান উদ্দিন আহমেদকে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত বাতিল করেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। একই সঙ্গে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে আজ রবিবার থেকে রেজিস্ট্রার মো. শাহুল আফজালকে লম্বা ছুটিতে পাঠানো হয়েছে। এ ছাড়া শিক্ষককে লাঞ্ছিতকারী দুই কর্মকর্তাকে বাধ্যতামূলক পদত্যাগ করানো হয়েছে।

গতকাল শনিবার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পক্ষে ব্র্যাকের মিডিয়া এনগেজমেন্ট, কমিউনিকেশনস ফজলুল ইসলামের নামে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

তবে গতকাল সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে শিক্ষক ফারহান উদ্দিন আহমেদ কালের কণ্ঠকে বলেন, 'মিডিয়ায় বিষয়টি প্রচার করা হলেও আমার সঙ্গে কেউ এখনো যোগাযোগ করেনি। এ ছাড়া আমার মেইল আইডিটিও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্লক করে রেখেছে। ফলে আমি

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

## চাকরি ফিরে পাচ্ছেন

▶▶ শেষ পৃষ্ঠার পর

অফিশিয়ালি বিষয়টি জানতে পারছি না। আর শিক্ষার্থীদের ওপর যে হামলা হয়েছে সে ব্যাপারে বিজ্ঞপ্তিতে কিছু বলা নেই। আমি চাকরি ফিরে পেয়ে শান্ত থাকব তা হওয়ার নয়। আগে শিক্ষার্থীরা সিদ্ধান্ত নেবে। তার তাদের সিদ্ধান্তের ওপরই আমার সিদ্ধান্ত নির্ভর করছে।'

বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপটে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. শাহুল আফজালকে চুক্তিভিত্তিক দীর্ঘ মেয়াদে ছুটিতে রাখা হবে। ৬ আগস্ট থেকে তাঁর ছুটি কার্যকর হবে। অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক ফারহান উদ্দিন আহমেদকে শারীরিকাবে লাঞ্ছিত করার অভিযোগে সহকারী রেজিস্ট্রার মো. মাহিউদ্দিন ও সিনিয়র অফিসার জাভেদ রাসেল এরই মধ্যে পদত্যাগ করেছেন। উপাচার্য তাঁদের দুজনের পদত্যাগপত্র গ্রহণ করেছেন।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, নিরাপত্তাকর্মীদের হাতে ছাত্রী লাঞ্ছিত হওয়ার অভিযোগটি আমলে নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত করছে। এ বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। একই সঙ্গে শিক্ষককে লাঞ্ছিত করার বিষয়টি খতিয়ে দেখতে গঠিত অনুসন্ধান কমিটি তাদের কাজ অব্যাহত রেখেছে।

বিজ্ঞপ্তিতে শিক্ষার স্বাভাবিক পরিবেশ বজায় রাখা এবং ছাত্র-ছাত্রীদের একাডেমিক কার্যক্রম বিঘ্নিত না হওয়ার স্বার্থে সংশ্লিষ্ট সবার সহযোগিতা চাওয়া হয়েছে।

আন্দোলনরত শিক্ষার্থী ইশতিয়াক আহমেদ গত রাত ৮টায় বলেন, 'আমরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিজ্ঞপ্তির বিষয়টি জেনেছি। এখন আমরা সবাই বসে সিদ্ধান্ত নেব।'

গত রবিবার আইন বিভাগের শিক্ষক ফারহান উদ্দিন আহমেদকে নির্দিষ্ট সময়ের আগেই অব্যাহতিপত্র দেওয়া হয়। কিন্তু তিনি তা গ্রহণ না করায় তাঁকে লাঞ্ছিত করা হয়। এর প্রতিবাদে ওই দিন থেকেই আন্দোলন করছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গত মঙ্গলবার শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনা ঘটে। এর বিচার দাবিতে বৃহস্পতিবার শিক্ষার্থীরা আমরণ অনশন শুরু করে এবং আজ রবিবার থেকে পরীক্ষা বর্জনের ডাক দেয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
| --- | --- |
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর